

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
গজারিয়া, মুন্সিগঞ্জ।

বিষয় : রুই জাতীয় মাছের জীবন্ত পোনা (রুই, কাতলা, মুগেল) সরবরাহের জন্য কোটেশন আহ্বান।

পত্র নং-৩৩.০২.৫৯২৪.৫০১.০৩.০০১.২২-২৩

তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রি.

বরাবর,

মেসার্স -----

-----

-----।

১. উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, গজারিয়া, মুন্সিগঞ্জ এ রাজস্ব খাত হতে বরাদ্দকৃত অর্থে এতদসঙ্গে সংযুক্ত কারিগরি বিনির্দেশ (Technical specification) মোতাবেক রুই জাতীয় মাছের জীবন্ত পোনা (রুই, কাতলা, মুগেল) সরবরাহের লক্ষ্যে কোটেশন আহ্বান করা যাচ্ছে। রুই জাতীয় মাছের পোনা বলতে কেবল রুই, কাতলা, মুগেল এ ৩ (তিন) প্রজাতির পোনা বুঝাবে।

ক্রমিক নং	পণ্যদ্রব্যের বিবরণ	কারিগরি বিনির্দেশ ও মান			মন্তব্য
		পোনার প্রজাতি	আকার (সে.মি.)	মোট সরবরাহের অংশ	
১	২	৩	৪	৫	৬
১	রুই জাতীয় মাছের জীবন্ত পোনা	ক) রুই মাছের পোনা	১০-১৫	৪০%	
		খ) কাতলা মাছের পোনা	১০-১৫	৩০%	
		গ) মুগেল মাছের পোনা	১০-১৫	৩০%	

২. উল্লিখিত ক্রয়তব্য পণ্যদ্রব্যের কারিগরি বিনির্দেশ (Technical specification) অনুযায়ী 'মৎস্য ও মৎস্যজাত দ্রব্যসংশ্লিষ্ট সেবার মূল্য সিডিউল' (Price Schedule for Goods and Related Services) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৮/০৯/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় বা তার পূর্ব পর্যন্ত দেখা ও সংগ্রহ করা যাবে।
৩. সরবরাহকারী বা প্রতিষ্ঠান নিজে বা তার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক প্রতি পাতায় তারিখ উল্লেখসহ স্বাক্ষরপূর্বক দুই কপি প্রস্তুতকৃত কোটেশন খামের মধ্যে সিলগালা করা অবস্থায় আগামী ১৮/০৯/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় বা তার পূর্বে " উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, গজারিয়া, মুন্সিগঞ্জ" এ জমা দিতে হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোন কোটেশন গ্রহণ করা হবে না।

৪. সরবরাহতব্য মোট পোনার মধ্যে রুই- ৩০%, কাতল- ৪০% এবং মৃগেল-৩০% হতে হবে। কোটেশন দাতাকে উল্লিখিত সংমিশ্রণের রুইজাতীয় মাছের পোনার একক দরহার (প্রতি কেজির মূল্য) অংকে ও কথায় আলাদাভাবে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বাজেট বরাদ্দ প্রাপ্তি/সংকুলান সাপেক্ষে মোট পোনার পরিমাণ নির্ধারণ করা হবে।
৫. কোটেশনের খামের উপরে পণ্যদ্রব্যের নাম (রুইজাতীয় মাছের জীবন্ত পোনা সরবরাহের জন্য কোটেশন) এবং দরদাতার নাম ও ঠিকানা উল্লেখপূর্বক জমা দিতে হবে। এ ছাড়াও খামের উপর “১৮/০৯/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার পূর্বে স্থলবেন না” লিখতে হবে।
৬. কোটেশন গ্রহণের শেষ তারিখ হতে ৬০ (ষাট) দিন পর্যন্ত কোটেশনে উদ্ধৃত পণ্যদ্রব্যের দরহার বলবৎ থাকবে।
৭. প্রাপ্ত কোটেশনসমূহ কোটেশন গ্রহণের শেষ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় খোলা হবে; কোটেশন জনসম্মুখে উন্মুক্তকরণ হবে না।
৮. উদ্ধৃত দরহারে পণ্যদ্রব্যের মূল্য, সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহণ ব্যয়, মুনাফা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে। এ জন্য পৃথকভাবে কোন অর্থ পরিশোধ করা হবে না।
৯. কোটেশনে উদ্ধৃত দর টাকায় এবং এর আওতায় যে কোন কার্যাদেশের অধীন সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে। কোটেশন গৃহীত হলে, দরদাতা যে একক দরহার প্রদান করবেন তা কার্য সম্পাদনের সময় পর্যন্ত বলবৎ থাকবে।
১০. কোটেশন দাতাকে চুক্তি সম্পাদনের আইনগত যোগ্যতা অর্জনের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর-এর সত্যায়িত কপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে। উল্লিখিত দলিলাদি প্রদানে ব্যর্থতায় কোটেশন অগ্রহণযোগ্য (Non responsive) বলে গণ্য হবে এবং তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
১১. কোটেশন মূল্যায়নের ক্ষেত্রে কেবল কারিগরি বিনির্দেশ এ উল্লিখিত শর্তাদি পরিপূর্ণভাবে পূরণকারী কোটেশনের দরহার বিবেচনা করে মূল্যায়ন ও ক্রয় আদেশ প্রদান করা হবে।
১২. ক্রয় আদেশ প্রদানের তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে ক্রয়তব্য পণ্যদ্রব্য সরবরাহ সম্পাদন করতে হবে এবং বিল পরিশোধের নিমিত্ত দুই প্রস্থ বিল দাখিল করতে হবে। সরবরাহকারী বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বিল থেকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে।
১৩. কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪. এ কোটেশন Public Procurement Act, 2006 এবং Public Procurement Rules, 2008 অনুসরণে বাস্তবায়িত হবে এবং এ আইনের অধীন সকল শর্তাবলী, বিধি-বিধান কোটেশনদাতা মানতে বাধ্য থাকবেন।

(মোহাঃ রফিকুল আলম)  
উপজেলা মৎস্য অফিসার(অ.দা.)

ও  
সভাপতি, ক্রয় কমিটি  
গজারিয়া, মুন্সীগঞ্জ।

তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রি.

পত্র নং-৩৩.০২.৫৯২৪.৫০১.০৩.০০১.২২-২৩

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. জেলা মৎস্য অফিসার, মুন্সীগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৫. উপজেলা কৃষি অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬. উপজেলা যুব উন্নয়ন অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৭. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৯. উপজেলা সমবায় অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১০. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১১. অফিস নথি।